জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৮১৩ তারিখঃ ০২/০৩/২০২০ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৫/০৩/২০২০ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময় বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। জয়পুরহাট পৌরসভায় অনুষ্ঠিতব্য ৮ মার্চ/২০২০ তারিখে বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।
৩। বাল্য বিবাহ রোধে মহল্লাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

( শাম্মীম আজিজ )
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.....................................................

.....................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন |
| সভার তারিখ | ঃ ০৫/০৩/২০২০ |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।
সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**২নং আলোচ্য বিষয় ঃ জয়পুরহাট পৌরসভায় অনুষ্ঠিতব্য ৮ মার্চ/২০২০ তারিখে বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, আগামী ৮ই মার্চ/২০২০বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আমাদের ইতিমধ্যেই প্রস্তুতি গ্রহন কর হয়েছে। বিশ্ব নারী দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নিদের্শনা মুলক চিঠিটি কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নিদের্শনা অনুযায়ী বিশ্ব নারী দিবস সফল ভাবে বাস্তবায়নের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন পদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা কর্মচারী ও সংশিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে ৮ মার্চ ২০২০ বিশ্ব নারী দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হবে। বিষয়টির উপর সভায় সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ৩০ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে ৮ মার্চ/২০ তারিখে র‌্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‌্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেস্টুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‌্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‌্যালী পৌর চত্বরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্য সূচী ঃ বাল্য বিবাহ রোধে মহল্লাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, বিভিন্ন মানবাধিকার ও নারী সংগঠনের আন্তরিক প্রচেষ্টার ফলে পূর্বের তুলনায় বাল্য বিবাহের হার অনেকাংশে কমে এসছে। তবুও দরিদ্র ও অশিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে বাল্য বিবাহের হার এখনও বিদ্যমান। সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা এ প্রসঙ্গে বলেন, বাল্য বিবাহের ফলে অপরিনত বয়সে মেয়েরা সন্তানের জন্ম দেয়। ফলে সেই সন্তানও অপুষ্ট থাকে। এই পুষ্টিহীনতার জন্য সন্তান যে কোন ধরনের অসুখে আক্রান্ত হতে পারে বা মৃত্যু বরণ করতে পারে। অনুরূপ ভাবে স্বাস্থ্যগত দিক দিয়ে এইসব সন্তানের মায়েরাও নিরাপদ নয়, তারাও সবসময় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে। এই অবস্থা থেকে উত্তোরণের জন্য কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল মুনছুর মুন্টু, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৩, জয়পুরহাট পৌরসভা বলেন, বাল্য বিবাহ রোধ করা আমাদের সকলের দায়িত্ব। উঠান বৈঠক সহ বিভিন্ন কমিটির মিটিং এ এর কুফল সম্পর্কে আলোচনা করা প্রয়োজন। এছাড়া এলাকার কাজীগণ যেন পাত্র ও কনের সঠিক জন্ম সনদ পত্র ছাড়া কোনক্রমেই যেন বিবাহ রেজিষ্ট্রি করতে না পারে সেদিকে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) অত্র পৌরসভার সকল মহল্লার কাজীগণ বিধিসম্মত ভাবে বর ও কনের জন্ম সনদ পত্র যাচাই অন্তে বিবাহ রেজিষ্ট্রি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সম্মানিত কাউন্সিলরগণ সকল কমিটির মিটিং ও যে কোন আলোচনা সভায় বাল্য বিবাহের কুফল সম্পর্কে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) পৌরসভার সকল মাঠকর্মীগণ বাড়ীবাড়ী কাজ করার সময় বাল্য বিবাহের অপকারীতা সম্পর্কে মহল্লাবাসীকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) বাল্য বিবাহ শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে সকল মানবাধিকার ও নারী উন্নয়ন বিষয়ক সংগঠনের সহিত যোগাযোগ জোরদার করা প্রয়োজনে বাল্য বিবাহ বন্ধ করার জন্য ১০৯ টোল ফ্রি নম্বরে ফোন করার জন্য জনগনকে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৬৩১

তারিখঃ ০৫/০৩/২০২০ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা ।

২। জনাব/জনাবা..............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।

৩। অফিস নথি

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ০৫/০৩/২০২০ ইং।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সভাপতি | |